প্রথম প্রকাশ : ১৫ নভেম্বর ১৯৭১

# সংবাদ বিচিত্রা

# SANGBAD BICHITRA

ONLY OFFICIAL NEWSPAPER OF CAB

প্রকাশনায় : বঙ্গ সংস্কৃতি সংঘ ▪ CULTURAL ASSOCIATION OF BENGAL ▪ NORTH AMERICA

Sangbad Bichitra - February 2026. Digital Version. Published by Cultural Association of Bengal, North America.

**Editorial Board :** Dilip Chakrabarti, Rupa Majumdar, Chitta Saha & Sudipta Chattopadhyay
**Advisory Board :** Dr. Amiya Banerjee & Mr. Asok Motayed

## Presidents speech at the NABC Kick-off event on 21st January 2026 at the Bengal Club Ltd.



Cultural Association of Bengal (CAB)-র পক্ষ থেকে সকল সভ্যকে জানাচ্ছি আগামী ৪৬তম বঙ্গ সম্মেলনে আপনাদের উপস্থিতি একান্ত কাম্য এবং বঙ্গ সম্মেলনের সার্বিক সাফল্যের জন্য আপনাদের সাহায্য আশা করছি। আজ প্রায় চার দশকের বেশী আমরা উত্তর আমেরিকার বাসিন্দা ও অনেকেই নাগরিকত্ব নিয়েছি। জীবনের বেশীর ভাগটাই বিদেশে। আজ কি লিখবো ভাবতে গিয়ে-একটা গান মনে পড়লো মান্না দের গলায়: "Coffee house-র সেই আড্ডাটা আজ আর নেই... কোথায় হারিয়ে গেলো সোনালী বিকেলগুলো আজ আর নেই..."। প্রত্যেক বছর শীতের ছুটিতে দেশে চলে আসি আমি বা আমরা পুরোনো কোলকাতার খোঁজে আর এবার এসেছি বিশেষ করে NABC Kolkata Kickoff-এর জন্য। কলেজ পেরিয়েই চলে গেছি দূর দেশে, কিন্তু স্মৃতি জড়িয়ে আছে University-র Cafeteria-র আড্ডা, রাজনীতি এবং ছোটবেলার প্রেম । কলেজ জীবনের সুন্দর দিনগুলো এখনো ভুলতে পারিনি। আমাদের ভাষা ও মাটির টানে আমরা আসি বারে বারে দেশে। Calcutta Rowing Club-র Lake-র সামনে বসে বাংলার সাহিত্যিক, নামকরা গায়ক-গায়িকা ও নাট্যকারদের সঙ্গে জমিয়ে গল্প, গান ও বঙ্গ সম্মেলনের প্রস্তুতি করি। শুধু আমরাই নই, আমাদের সামনের প্রজন্মের মধ্যেও যাতে এই ভালবাসার স্মৃতি আমরা ছুঁইয়ে দিতে পারি তারই আপ্রাণ প্রচেষ্টা চালিয়ে যাই। হার্দিক আমন্ত্রণ জানাচ্ছি সব বন্ধুদের, শিল্পীদের, Exhibitor-দের আগামী বঙ্গ সম্মেলনে। আপনারা আসুন আমাদের এই বাংলা ভালোবাসার মিলন মেলায়। আমাদের সঙ্গে সামিল হয়ে এই মহাযজ্ঞকে সফল করুন। সবাই ভালো থাকবেন; বাংলার পৃথিবীতে ছড়িয়ে পড়া সমস্ত বাঙ্গালী বন্ধুদের সঙ্গে হাতে হাত মিলিয়ে চলুন ৪৬তম বঙ্গ সম্মেলনে NY-র Westchester County Center-এর প্রাঙ্গণে, দেখা হবে। এই আশা নিয়ে আজ আমার বক্তব্য শেষ করলাম।

Ashok Rakhit
President
Cultural Association of Bengal

**Special Notice**

- IF YOU WANT TO READ YOUR POEM / STORY / PROSE IN 2026 BANGA SAMMELAN, PLEASE CONTACT WITH THE FOLLOWING VOLUNTEER.
- PLEASE SEND YOUR STORY / POEM / PROSE FOR THE MAGAZINE OF 2026 BANGA SAMMELAN TO THE FOLLOWING EMAIL ADDRESS. UNAPPROVED ARTICLES WILL NOT BE RETURNED.

Sudipta Chattopadhayay
sbcabusa2025@gmail.com

## Executive Committee

Ashok Rakhit
President

Tapas Sanyal
Vice President

Indrasish Basuroychowdhury
Vice President

Biswa Bhattacharya
Vice President

Arpita Gupta
Treasurer

Partha S. Chakraborty
Secretary

Dipankar Chattopadhyay
Asst. Secretary

## Committee Members

Amit Ganguly
Lipika Mukhopadhyay
Sarmistha Chakraborty (Babli)
Sudipta Chattopadhyay (Buya)
Biman Ghosh
Kris Ghosh (Bappa)
Prithviraj Banerjee
Rupa Majumdar
Tapan K. Das

## Board of Trustees

Gopendu Chakrabarti
Chairperson

## Trustee Members

Abhik Dasgupta
Amiya Banerjee
Dilip Chakrabarti
Kallol Chattopadhyay
Milan Awon
Partha S. Chatterjee
Pranab Das
Ranadeb Sarkar
Sugata Bagchi
Surajit Sengupta


## Rules for submitting articles to Sangbad Bichitra

**Submit only one text at a time in any one category.**

**Send articles to this email : sangbadbichitra5@gmail.com**

1) Poems should be within 12-20 lines.
2) Short poems should be within 6-8 lines.
3) Short stories should be between 250-500 words.
4) Stories should be at least 1200 words but no more than 1500 words.
5) Essays/articles related to literature, science and social issues should be less than 500 (for an article) to 1000 (for an essay) words.
6) News form within your local community about art, culture, etc. should be within 100-500 words. Success stories of your next generation young members on any arena can be shared.
7) The text should be formatted in Avro font and stored as a MS Word (.docx) file. Handwritten content, an image (like JPEG or a PDF) file are not suitable formats and submissions will not be accepted.
8) Content should be previously unpublished and original.
9) Content should be free from typographical and grammatical errors.
10) Any content directly commenting on a political party, religion, caste, nation or a particular individual in a biased positive or negative manner will not be accepted for publication.

- Please understand that if the submitted content does not confirm to the guidelines set forth above (especially word limit), it will not be accepted for publication (due to space constraints of a 16-page magazine).

- This is a publication focused on community(ies) and our main aim is to publish news from any organization that promotes Bengali art and culture. As local Bengali organizations submit content to us, we will strive to publish items accordingly.

- Your opinion is important to us : Please provide your review (via email) of the contents of "Sangbad Bichitra" as it tackles pertinent subjects and viewpoints and their manner of presentation. If there is any room for improvement, please do not hesitate to describe them briefly and we shall publish your feedback in our subsequent edition.


## Advertisement Rates for Sangbad Bichitra - 2025

| (Color – Back Page) | | 1 Issue | 1/2 Yearly | Yearly |
|---|---|---|---|---|
| Full Page | (14 x10 inch) | $250 | $1,500 | $2,500 |
| 1/2 Page | (10 x 7 inch) | $150 | $750 | $1,250 |
| 1/4 Page | (5 x 4 inch) | $100 | $500 | $1,000 |
| 1/8 Page | (5 x 2 inch) | $50 | $250 | $500 |

| (Color – Inside) | | 1 Issue | 1/2 Yearly | Yearly |
|---|---|---|---|---|
| Full Page | (14 x10 inch) | $150 | $1,000 | $2,000 |
| 1/2 Page | (10 x 7 inch) | $100 | $500 | $1,000 |
| 1/4 Page | (5 x 4 inch) | $75 | $250 | $500 |
| 1/8 Page | (5 x 2 inch) | $35 | $150 | $300 |

- Minimum three (3) issues.
- Payment is required in advance.
- Make check payable to : CAB
- Mail to : Cultural Association of Bengal
- Address : Arpita Gupta - Treasurer
  20, Cambridge Road, Lafayette NJ-07848, U.S.A
- Zelle to : 516-965-5277

# Photos of the NABC 2026 Kick-off event held on 21st January 2026 at the Bengal Club Ltd, Kolkata












North American Bengali Conference
www.nabcapp.com




46th




46th
North American Bengali Conference
Visit, Install, Register
www.nabcapp.com
Welcome to KOLKATA Kick-Off Meet
উত্তর আমেরিকা বঙ্গ সম্মেলন
বিশ্ব বাঙালীর প্রাণের প্রাঙ্গণ
NABC
2026 New York
2,3,4,5 JULY
Attend
Engage
Participate
Perform
The
Ultimate
Bong
Experience
Westchester County Center
CAB
Hosted By


46th
NABC


46th
to KOLKATA Kick-Off
NABC
CAB





## General Registration Fees (USD) AND Benefit of General Registration

NABC2026

Please contact for more information about Registration
Runa Mitra (runamitra@yahoo.com)
Shubhojit Chowdhury (shubhojit.Chowdhury@gmail.com)

46th North American Bengali Conference NABC 2026

**Single - 250 USD**
**Couple or Family of Two adults - 400 USD**
**Kid ( 4 to 12 years ) - 50 USD**
**Student ( With valid Student ID) - 150 USD**

All attendees at NABC 2026 register under general registration will have access to all programs and visit all exhibitions, shows, seminars, pavilions.
Hotel available at special rate for NABC 2026.
Attendees will be able to take part in all participatory programs including contest, special workshops, upon acceptance by program directors and additional entry fees if any. Couple discount applied. Student discount applicable.
Name will be appear in list of attendees.

# BE A PROUD SPONSOR EXPERIENCE EXCLUSIVE PRIVILEGE AT NABC 2026

## Please contact for more benefits in details:

**Runa Mitra (runamitra@yahoo.com)**
**Shubhojit Chowdhury (shubhojit.Chowdhury@gmail.com)**

**Benefactor Sponsor – 1,200 USD**
**Complimentary Hotel Rooms: 1 room for 1 night**
**Additional nights paid by attendee in CAB allotted Preferred Hotel**

**Donor Sponsor – 2,500 USD**
**Hotel Rooms: 1 room for 3 nights**
**Lunch – Dinner (2 coupons each for 5 meals)**

**Premium Donor Sponsor – 2,800 USD**
**Hotel Rooms: 1 room for 3 nights**
**July 2nd Meet &Greet ,Pre NABC Concert & Dinner.**
**Lunch – Dinner (2 coupons each for 5 meals**

**Bronze Sponsor – 3,500 USD**
**Hotel Rooms: 1 room for 4 nights**
**July 2nd Meet &Greet ,Pre NABC Concert & Dinner.**
**Lunch – Dinner (2 coupons each for 5 meals**

**Silver Sponsor – 5,000 USD**
**Hotel Rooms: 1 room or 1 suite (limited ) for 4 nights**
**July 2nd Meet &Greet ,Pre NABC Concert & Dinner.**
**Lunch – Dinner (2 adults & 2 kids each meal**

**Gold Sponsor – 10,000 USD**
**Hotel Rooms: 2 room for 4 nights**
**July 2nd Meet &Greet ,Pre NABC Concert & Dinner.**
**4 adult and 2 kid coupons for each lunch and dinner**

**46th North American Bengali Conference 2026**

**On 3, 4, 5 July**

**At Westchester County Center, NY**




*Live Concert by Legendary Kumar Sanu during Meet and Greet in the evening on 2nd July*

**General Registrants : Please contact Registration Team for Tickets**









# Hotels & Accommodations

**Please contact for more info: Sehgalmahua@gmail.com, jayanta,de@gmail.com**



## Westchester Marriot

**For Sponsors & Donors**
670 White Plains Rd, Tarrytown,
NY 10591
Distance from Venue : 4.0 Miles
Travel Time : 9 minutes by car



## Sheraton at Tarrytow

**For Sponsors & Donors**
600 White Plains Rd, Tarrytown,
NY 10591
Distance from Venue :4.0 Miles
Travel Time : 8 minutes by car



## The OPUS White Plains

**For Sponsors & Donors**

3 Renaissance Square
White Plains, NY 10601
Distance from Venue:0.9 miles



## Hyatt House White Plains

**For Sponsors & Donors**
101 Corporate Park Drive,
West Harrison, NY, US
Distance from Venue :3.8 .Miles
Travel Time : 10 minutes by car




## Sonesta White Plains Downtown

**For General Registrants**
6 Hale Avenue, White Plains, NY
Distance from Venue : 1.6 miles
Travel Time: 7 Minutes by Car



## Hampton Inn White Plains

**For General Registrant**
200 West Main Street, Elmsford,
NY, 10523, US
Distance from Venue : 3.7 Miles
Travel Time : 7 minutes by car



## Springhill suites

**For General Registrant**
480 White Plains Road
Tarrytown, New York, USA, 10591
Distance from Venue :4.9 .Miles
Travel Time : 9 minutes by car

## Celebrities at NABC & Meet and Greet Event on 2nd July

**NABC 2026 will be attended by many celebrities, artists, from Film and Music industry and other cultural sphere of Kolkata, India and Bangladesh.**

## NABC 2026 International Film Festival & Award (NABC - IFFA)

*NABC 2026 will stage and organize many more engaging, participatory shows and events. Such outstanding events includes fashion shows, talent shows, contest, competition. Film festivals, Film awards.*


Koyel Mallick



Jisshu Sengupta


Deblina Kumar


Gourab Chatterjee

## Centenary Celebration of MAHANAYAK UTTAM KUMAR

*NABC 2026 proudly presents a landmark centenary tribute to the legendary Mahanayak Uttam Kumar. This historic celebration features his grandson Gourab Chatterjee and granddaughter-in-law Devlina Kumar.*





## Curated Cultural Programs

*Cultural Programs and Shows at NABC 2026 - A Grand Celebration of Bengali Heritage*










NORTH AMERICAN BENGALI CONFERENCE
NABC 2026 New York
NABC IDOL
TALENT HUNT CONTEST
YOUR TALENT - OUR STAGE
We are committed to promote young talent
VOCAL SINGING
MUSICAL INSTRUMENTS
STAY TUNED
02nd - 05th July, 2026
Visit, Install & Register : www.nabcapp.com
Westchester County Center | White Plains - New York: USA

ফিচার

# ভুলো মন


লোকেশ ভট্টাচার্য

মেরীল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র


শনিবারে ঘটুদার ক্যান্টিনে ওদের আড্ডাটা ঠিক মত জমত। তখন এই ক্যান্টিনটাই একটা মিনি-কফি হাউস হয়ে যায়, অন্তত দেড়টা থেকে তিনটে, সাড়ে তিনটে অবধি। সপ্তাহের অন্য দিনগুলোয় প্রায়ই দেরী করে থিয়োরী ক্লাস শেষ হয়। তখন ল্যাবরেটরী ক্লাসে যাওয়ার তাড়া থাকে, কোনক্রমে নাকে-মুখে খাবার গুঁজে ক্লাসে দৌড়তে হয়। সেসব দিনগুলোয় আড্ডা দেওয়ার সময় পাওয়া যায় না, মনও থাকে না। কিন্তু শনিবারের ব্যাপারটা অন্য রকম। একটার পরে আর ক্লাস নেই। জমিয়ে ঘণ্টা দুই আড়াই আড্ডা মেরে বাড়ির পথ ধরে সবাই। ক্যান্টিনের বেঞ্চগুলো দখল করে এক একটা দল আড্ডা মারে। কচুরী, ঘুঘনি, রোল বা সিঙাড়ার সঙ্গে এটা ওটা মিষ্টি খেয়ে চাগিয়ে ওঠা খিদেটা মিটিয়ে নিয়ে চায়ের কাপ সামনে ধরে ওদের আড্ডা চলে।

তিন চার জন মেয়েকে ঘিরে বসা ওদের দলটা বেশ বড়। সব মিলিয়ে এক একটা শনিবার জনা বারো-পনেরো হয়ে যায়। ওদের আড্ডায় গাভাসকার থেকে শর্মিলা ঠাকুর, হেমাঙ্গ বিশ্বাস থেকে হিন্দি সিনেমার গান, কোনটাই বাদ যায় না। সব সময় যে ওদের কথাবার্তা প্রচলিত শালীনতার সীমা মেনে চলে, তা নয়। ছেলেরা কখনও কখনও এমন সব ভাষা ব্যবহার করে, তা হয়ত ওরা বাড়িতে বা অনত্র আত্মীয় বা অনাত্মীয় মেয়েদের সামনে ব্যবহার করবে না। কিন্তু এখানে করে, আর সেটা নিয়ে মেয়েরা কিছু মনে করে না বরং হেসে উপভোগ করে। আসলে এরা সবাই এমএসসি ক্লাসের ছাত্র-ছাত্রী। এমন একটা বয়সে এসে পৌঁছেছে। যখন বয়ঃসন্ধির সেই ব্যাপারটা, অর্থ্যাৎ মেয়েদের দেখলেই ছেলেদের আর ছেলেদের দেখলেই মেয়েদের ভেতরটা কেমন কেমন করে উঠত একটু হাত ছুঁতে ইচ্ছে করত, এদের মধ্যে সেটা আর নেই। জীবনে ম্যাচিয়োরিটির প্রথম সোপানে এরা পা ফেলেছে। তাই এরা বন্ধু। ব্যাতিক্রম যে নেই তা নয়। তবে প্রেমিক-প্রেমিকাদের ব্যাপারটা চলে দোতলায়, দোতলাটা ওদের জন্য বরাদ্দ। এরা সেদিক মাড়ায় না। কোথাও সেটা নিয়ম হিসাবে লেখা নেই। কিন্তু কবে থেকে কিরকম ভাবে যেন সেটা চালু হয়ে গেছে।



অন্যদিনের মতো সেদিনও সোয়া তিনটে নাগাদ আড্ডা শেষ করে ওরা যখন উঠতে যাচ্ছে, হঠাৎ দেবাশিষের জামার হাতায় আলতো টান পড়াতে ও চোখ ফিরিয়ে দেখল জয়া ওকে চোখের ইসারায় কিছু একটা বলতে চাইছে। ব্যাপারটা অবাক লাগল দেবাশিষের। কিছু বলার থাকলে, জয়া আকারে-ইঙ্গিতে বলবে সেটা ভাবা যায় না। কিছু বলার থাকলে জয়া বেশ জোর গলাতেই বলে, অন্যদের থামিয়ে দিয়েই বলে। সে ক্ষমতা জয়ার আছে। তার মানে ব্যাপারটা বোধহয় বিশেষ দরকারি, যেটা জয়া সকলের সামনে বলতে চাইছে না। মুখে কিছু না বলে দেবাশিষ একটু পাশে সরে দাঁড়িয়ে গেল, যাতে ওর থেকে যাওয়াটা অন্যরা খেয়াল না করে।

কিন্তু খেয়াল ওরা করল। দেবাশিষ সঙ্গে আসছে না দেখে কয়েক পা এগিয়ে পুরো দলটা দাঁড়িয়ে গেল। অনুপ একটু অবাক হয়ে বলল, "কি রে, এখন যাবি না?"

দেবাশিষ উত্তর দিল, "তোরা এগো। আমি একটু পরেই আসছি। আমার জন্য অপেক্ষা করিস না।"

দেবাশিষের ওদের সঙ্গে না আসাটা বেশ অদভাবিক কেননা শনিবার দিনগুলো ওরা ক'জন শিয়ালদা অবধি হেঁটে গিয়ে ট্রেন ধরে। সোমনাথ অবাক গলায় বলল, "তোর আবার কি কাজ পড়ে গেল এখন?"

দেবাশিষ কথাটা কাটিয়ে দেওয়ার জন্য বলল, "তোরা এগো না। আমি আসছি।"

ইঙ্গিতটা ওরা সকলেই বুঝল। দেবাশিষের কিছু একটা দরকার আছে যেটা এখন ও বলতে চাইছে না। আর কথা না বাড়িয়ে বাকি দলটা বাস স্ট্যান্ডের দিকে হাঁটা দিল। সোমনাথ টিপ্পনী কাটল, "তুই জয়ার সঙ্গে একলা থাকছিস, মনে থাকে যেন। সোমনাথের কথাটা শুনে পুরো দলটা হাসতে শুরু করল। কেউ একজন ছুঁড়ে দিল, "সাবধানে থাকিস। আশাকরি সোমবার তোর দেখা পাব।"
আর একটা হাসির লহরা তুলে ওরা বাসস্টপের দিকে এগিয়ে গেল।

ওরা চলে যেতে জয়ার মুখোমুখি বসে দেবাশিষ জিজ্ঞাসা করল, "তোমার গাড়ি আসবে কখন?"

জয়া চোখটা নামিয়ে রেখে উত্তর দিল, "গাড়ি আসতে দেরী হবে, দেরী করে আসতে বলেছি। তোমার সঙ্গে একটা দরকারি কথা আছে।" কিন্তু তারপর আর কিছু না বলে চোখটা নীচু রেখে টেবিলের উপর নখ দিয়ে আঁকিবুকি কাটতে লাগল। পুরো ব্যাপারটা জয়ার স্বভাবের সঙ্গে খাপ খায় না। এর আগে পর্যন্ত জয়াকে লজ্জা পেতে, কোন কথা বলতে দ্বিধা করতে কোনদিন দেখেনি দেবাশিষ। ওর মনে হল, জয়া যাই বলতে চাক না কেন, ব্যাপারটা সম্ভবতঃ ঘোরালো। তাই সামলে নেওয়ার জন্য ওকে একটু সময় দিতে উঠে গিয়ে দুকাপ ভালো কফি নিয়ে এল। চায়ের এখন যা অবস্থা সেটা ফুটে ফুটে আর খাওয়া যায় না। কফিটা ঘটুদা ফ্রেশ বানিয়ে দেয় নেস্কাফের গুঁড়ো দিয়ে, দামটাও বেশী নেয়। তাই একটু দাঁড়াতেও হল।

কফি নিয়ে দেবাশিষ যতক্ষণে ফিরে এল, ততক্ষণে বলতে গেলে ক্যান্টিনটা ফাঁকাই হয়ে গেছে। এখন সবারই ঘরে ফেরার সময়। ঘটুদাও জিনিষপত্র গুছোচ্ছে। তবে ক্যান্টিটা খোলাই থাকে সারাক্ষণ। জয়া বলল, "চল, ওই দিকটায় বসি।" এমন একটা কোনে এসে জয়া বসল যেখান থেকে ওদের সহজে কেউ দেখতে পাবে না। জয়া প্রাইভেসি চাইছে বুঝে দেবাশিষ বলল, "দোতলায় যাবে?"

"না, দরকার নেই। এখন তো একতলাটা বেশ ফাঁকা হয়ে গেছে।" আরও মিনিট দুয়েক টেবিলের উপরে আঁকিবুকি কেটে জয়া হঠাৎ মুখ তুলে বলল, "দেবাশিষ, তুমি আমায় বিয়ে করবে?"

কি কথা জয়া বলতে পারে সে নিয়ে অনেক রকম ভাবছিল দেবাশিষ। কিন্তু এরকম একটা কথার জন্য ও একেবারেই তৈরী ছিল না। শুনে থতমত খেয়ে গেল। জয়া যা বলছে, ও ঠিক শুনছে তো? কথাটার মানে, জয়া ওকে প্রপোস করছে। ইউরোপিয়ান প্রথা যতটুকু জানে, বইয়ে পড়েছে বা সিনেমায় দেখেছে, ছেলেরাই মেয়েদের প্রপোস করে। মেয়েরা প্রপোস করে কখনও শোনে নি। তবে জয়ার পক্ষে সবই সম্ভব। কিন্তু এরকম করে কেউ বিয়ের কথা বলে নাকি? বিয়ে হতে গেলে একটা জানা-চেনা, বোঝাপড়া, একটু পূর্বরাগ, একটা প্রেম-ভালোবাসার ব্যাপার আছে তো। সব কিছু বেমালুম বাদ দিয়ে সোজা একেবারে বিয়ে! এর মধ্যে কোন গন্ডগোল আছে নাকি? জয়া কোন ভাবে ফেঁসে গিয়ে ওকে জড়াচ্ছে না তো? পুরো ব্যাপারটা ওর ভালো করে বোঝা দরকার। তাছাড়া পূর্বরাগ ইত্যাদির কথা বাদ দিলেও, বিয়ের জন্য ও এখনও তৈরী নয়। ওর প্ল্যান, এমএসসি পাশ করে, পি.এইচ.ডি. করবে। ইচ্ছা আছে হায়ার স্টাডির জন্য ইয়োরোপ বা আমেরিকা যাওয়ার। এখন এই পড়াশুনোর মাঝখানে সব ছেড়েছুড়ে দিয়ে হঠাৎ বিয়ে করবে কেন? জয়া যদি কোন গন্ডগোল পাকিয়ে থাকে, সেটা জয়াকেই সামলাতে হবে। তার জন্য ও নিজেকে বলি দেবে না।

দেবাশিষ কোন উত্তর দিচ্ছে না দেখে জয়া বেশ অবাক হয়েই বলল, "আমি একটা মেয়ে, তোমাকে, একটা ছেলেকে, বলছি আমায় বিয়ে করতে। এ নিয়ে এত কি ভাবছ, বলত? একটা মেয়ে একটা ছেলেকে বিয়ে করতে চাওয়াটা কি খুব আশ্চর্যের ব্যাপার? তোমার মুখ দেখে মনে হচ্ছে, এরকম অদ্ভুত কথা তুমি শোন নি। হঠাৎ শুনে খুব অবাক হয়ে গেছ। আমি দেখতে খারাপ নয়। আশা করি তুমি স্বীকার করবে, যে গড়পড়তা বাঙালী মেয়ের তুলনায় আমি ফরসা এবং সুন্দরী। আমার কোন অসুখ-বিসুখ নেই। বিএসসি-তে তোমার চেয়ে নীচে র‍্যাঙ্ক করলেও পড়াশুনায় আমাকে খারাপ বলতে পার না। একটা মেয়ের মধ্যে তুমি আর কি চাও? তোমার অসুবিধাটা কোথায়? তোমার কি কোন গার্ল ফ্রেন্ড আছে, যার সঙ্গে তোমার বিয়ে হওয়া ঠিক হয়ে আছে, অন্ততঃ এক্সপেক্টেশনে আছে? তোমার কথাবার্তা শুনে আমার মনে হয়েছিল, সে সব তোমার কিছু নেই। কিছু থাকলে খোলাখুলি বল। তা থাকলে তোমার অস্বস্তিটা খুবই আন্ডারস্টন্ডেবল। আমি নিশ্চয় চাইব না যে তাকে ছেড়ে তুমি আমায় বিয়ে করবে।"

জয়ার কথার যে কি উত্তর দেবে দেবাশিষ এতক্ষণ ভেবে পাচ্ছিল না। ওর কথার তোড়ে ভেসে যাচ্ছিল। এই জয়াকে ও চেনে। ওদের দলের সবাই চেনে। যখন যেটা বলতে চায়, সেটাকে জোর দিয়ে বলে, যুক্তি দিয়ে সাজিয়ে। এবারে একটু ফাঁক পেয়ে তাড়াতাড়ি বলে উঠল, "না, জয়া, আমার কোন গার্লফ্রেন্ড নেই, স্থায়ী বা সম্ভাব্য কোনটাই নেই। এমন কেউ নেই যে আশা করতে পারে আমি তাকে বিয়ে করব। এমন কি আমার বাবা মায়ের পছন্দেরও কেউ নেই, সেটা আমি ঠিক করেই জানি।"

"তা হলে, আর অসুবিধেটা কি? তোমার কি জাত-পাতের ব্যাপার আছে? সেটা অবশ্য একটা কথা হতে পারে।"

"না, না, আমি জাত-পাত মানি না। আমার বাবা-মায়েরইতো জাত মেনে বিয়ে হয় নি।"

কথাটা শুনে জয়া প্রায় লাফিয়ে উঠল, "বাঃ, তাহলে তো আর কোন সমস্যাই রইল না। তোমার গার্ল ফ্রেন্ড নেই, বিয়ের জন্য বাবা-মায়ের ঠিক করা মেয়ে নেই, জাতপাতের সমস্যা নেই। কোন কমিটমেন্ট থেকে তুমি তো একবারেই মুক্ত। যতই পড়াশুনা করুক, বিয়ের সময় ছেলেরা বা তাদের অভিভাবকেরা পালটি ঘর খোঁজে। সেই ব্যাপারটায় আমার একটু ভয় ছিল। ওঁরা নিজেরাই যখন জাত মানেন নি তখন তো আর কোন ব্যাপারই নয়।"
যুক্তি হিসেবে জয়ার কথাগুলো একেবারে অকাটা অথচ ব্যাপারটার মধ্যে যে একটা বড় ফাঁক আছে সে সম্বন্ধে দেবাশিষের বিন্দুমাত্র সন্দেহ নেই। কিন্তু ফাঁকটা যে ঠিক কি এবং জয়াকে যে সেটা যুক্তি দিয়ে কি করে বোঝান যায় সেই মূহুর্তে দেবাশিষের মাথায় এল না। শুধু একটা কথা মনে হল, যে জয়াকে হুট করে হ্যাঁ বলে দেওয়া চলবে না। কিন্তু না বলবেই বা কি করে? না বলার মত তো কোন যুক্তি এখনও ও খুঁজে পায় নি। জয়া সত্যিই সুন্দরী এবং পড়াশুনায় চৌখস মেয়ে, ক্লাসের মেয়েদের মধ্যে বেষ্ট। বাবা-মায়ের কথাবার্তায় ও জানে, তাঁরা নিজেরা যা করেছেন, অর্থ্যাৎ নিজেদের

পছন্দমত বিয়ে করেছেন, ওঁরা চান দেবাশিষও তাই করে। বাবা-মাকে কয়েকবার বলতেও শুনেছে, বিয়েটা দেবাশিষের নিজের ব্যাপার। ওর জন্য কণে খুঁজতে ধরা বেরোবেন না। কিন্তু ব্যাপারটা এমন অদ্ভুৎ, এ নিয়ে একটু ভাবতে হবে। বাবা-মায়ের সঙ্গে একটু কথা বলা বোধহয় দরকার, বন্ধুদের সঙ্গেও। তাছাড়া এখনই ঠিক বিয়ে করার প্রশ্ন ওঠে না, এই পড়াশুনোর মাঝখানে।

দেবাশিষ সেই কথাটাই বলাতে যাচ্ছিল, জয়া কিন্তু ততক্ষণে অনেক দূর এগিয়ে গেছে, "তবে একটা কথা তোমায় বলে রাখি, এম.এস.সি শেষ করে আমি কিন্তু পি.এইচ.ডি. করব। আমার যা রেজাল্ট, স্কলারশিপ পেতে অসুবিধা হবে না। তোমায় কিন্তু সেটা মেনে নিতে হবে। তুমি যদি চাও যে তোমার বউ স্টে-হোম মাম হবে, সেটা কিন্তু আমি মানতে পারব না।"

সর্বনাশ, জয়া যে বিয়ের পরে ওরা কি করবে সে প্ল্যানও করে ফেলেছে। প্রায় মরিয়া হয়েই দেবাশিষ বলল, "তোমার কথাগুলো প্রত্যেকটাই ঠিক, জয়া। কিন্তু ভেবে দেখ, এখন এই পড়াশুনোর মাঝখানে সব ছেড়েছুড়ে দিয়ে বিয়ে করাটা কি আমাদের উচিৎ হবে?" "আমি ভেবেইছিলাম এইখানটায় তোমার আটকে যাবে। তুমি যা পড়ুয়া ছেলে! কিন্তু বিয়ের পরে আমরা পড়াশুনো ছেড়ে দেব কেন? অসুবিধেটা কি?"

"ধুর, সেটা হয় নাকি। বিয়ে করার পরেও বাবার হোটেলে থাকা যায় নাকি?"

"সেটা কোন সমস্যা নয়। তোমার আমার দুজনেরই তো স্কলারশিপ আছে।"

"কটা টাকা আর আমরা স্কলারশিপ পাই বলত। বাবার হোটেলে থাকলে, হাত খরচ হিসেবে সেটা অনেক টাকা। কিন্তু নিজেরা বাড়ি ভাড়া করে থাকতে হলে ওতে কিচ্ছু হবে না।"
"ওই নিয়ে তোমায় ভাবতে হবে না। আমার দিদিমা আমার জন্য অনেক টাকা রেখে গেছেন। ঠিক কত সেটা অবশ্য আমি জানি না, বাবা জানে। তবে মাকে মাঝে মাঝে বলতে শুনি, যা টাকা আছে আমার হাসবেন্ডকে সারা জীবন চাকরী করতে হবে না। নষ্ট না করলে, সারা জীবন নাকি পায়ের উপর পা দিয়ে চলে যাবে। আমার বিয়ে হলে সেই টাকাটা আমার হাতে আসবে। তাতে আমাদের চলে যাবে, পড়াশুনো শেষ করতে অসুবিধা হবে না।"
হতেই পারে, জয়ারা শুনেছে খুব বড়লোক। কিন্তু ব্যাপারটা মেনে নিতে দেবাশিষের মন চায় না। যদি উল্টোটা হত, তাহলে কি জয়া সেটা মেনে নিত! এই ভাবে অন্যের টাকার উপর নির্ভরশীল হওয়াটা কোন কাজের কথা নয়। তাছাড়া আরও ব্যাপার ভেবে দেখার আছে। যদি একটা বাচ্চা হয়ে যায়, তাহলে কি হবে? তখনও কি ওরা পড়াশুনো চালিয়ে যেতে পারবে?
কথাটা জয়াকে বলতেই উত্তর পেল, "কেন পারব না? শিলাদি, বাণীদিকে দেখ। বাচ্চা থাকা সত্ত্বেও পিএইচ.ডি-র কাজ চালিয়ে যাচ্ছেন। বড় জোর একটু দেরী হবে।"

"ওঁদের কথা বোলো না। দুজনেরই ছ-সাত বছর হয়ে গেল। পি.এইচ.ডি শেষ হবে কিনা কে জানে। নেহাৎ কোথাও ভালো চাকরী পাচ্ছেন না বলে, চালিয়ে যাচ্ছেন।"

"আর অমিতদা, ওঁর ব্যাপারটা তাহলে কি? ওনারও তো সাত বছর না আট বছর হয়ে গেল। বিয়ে করেন নি, কিছু না। ওনার পিএইচ.ডি শেষ হয় নি কেন? আসলে এর সঙ্গে বিয়ের কোন সম্পর্ক নেই। এটা খানিকটা ভাগ্য, আর খানিকটা সিনসিয়ারিটি।"

জয়ার সঙ্গে যুক্তিতে পারা শক্ত। কিন্তু জয়ার কথা তখনও শেষ হয় নি, "তাছাড়া, এসব আজকাল কোন সমস্যা নয়। আজকাল অনেক কিছু বেরিয়েছে। আসলে তুমি তো ছেলে। পড়ার বই ছাড়া কোন কিছুর খোঁজ না রাখলেও তোমার চলে। কিন্তু মেয়েদের রাখতেই হয়। মা তো সারাক্ষণই আমাকে বলছে, বয়স হয়েছে, এখন সাবধানে থাকতে হবে। কিছু একটা হয়ে গেলে দোষটা মেয়েদের উপরে এসেই পড়বে। তোমাকে ওসব নিয়ে চিন্তা করতে হবে না। ও ব্যাপারটা আমার উপর ছেড়ে দাও।"

"এখন বলছ, কিন্তু পরে অ্যাক্সিডেন্টালি কিছু হয়ে গেলে আমি তো না বলতে পারব না। তাছাড়া ভেবে দেখ, বিয়েতে আরও একটু ব্যাপার থেকে যায় না কি?"

জয়া খুব অবাক হয়ে চোখ দুটো বড় বড় করে বলল, "একটা মেয়ে আর একটা ছেলের মধ্যে বিয়ে হবে, এর মধ্যে আর কী ব্যাপার থাকতে পারে? সারা পৃথিবীতে এই ব্যাপারটা তো প্রতিদিন শ'য়ে শ'য়ে হচ্ছে। কি জানি বাবা, এর মধ্যে তুমি আরও কি সমস্যা দেখছ?"

"বিয়ের মধ্যে প্রেম, ভালোবাসা বলে একটা জিনিষ তো আছে। সেটা তো আগে হওয়া দরকার। তা ছাড়া বিয়ে হতে পারে কি?"
"কেন হতে পারবে না? আমার বাবা-মায়ের বিয়ে হওয়ার আগে তাদের মধ্যে প্রেম-ভালোবাসার ব্যাপার ছিল না তো। বিয়ের আগে ওরা নিজেদের চিনতই না। অভিভাবকরা ব্যবস্থা করে তাঁদের বিয়ে দিয়েছিলেন, যাকে বলে অ্যারেন্ড ম্যারেজ। বিয়ের পরে নিজেরা নিজেদের ভালবেসেছিলেন। তুমি ক্লাসের সবাইকে জিজ্ঞাসা করে দেখ। দেখবে, প্রায় সকলের বাবা-মায়েরই বিয়ের আগে চেনা-জানা ছিল না। তাহলে আমাদের বেলাতেও সেটা হতে পারে না কেন? তোমার মনে হচ্ছে কেন, তুমি আমাকে ভালবাসতে পারবে না? একটা মেয়ে হিসাবে আমার শর্ট-কামিংটা কোথায়?"

"জয়া, এটা তো শর্ট-কামিং-এর ব্যাপার নয়, এটা মনের ব্যাপার।

আচ্ছা এমন তো হতেই পারে যে আমরা পরস্পরকে ভালবাসতে পারলাম না। তখন কি হবে?

"তুমি আগে থেকে নেগেটিভটাই ভেবে নিচ্ছ কেন? কি করে জানলে আমরা দুজনে দুজনকে ভালবাসতে পারব না? আমরা তো চেষ্টাই করি নি। ঠিক আছে, শোন, আজ থেকে চেষ্টা করা যাক। চল আজকে আমরা এখন বাবুঘাটে গিয়ে সন্ধ্যাটা কাটাই, দেখা যাক আমরা পরস্পরকে ভালবাসতে পারি কিনা। কাল তুমি আমাদের বাড়িতে এস। আমার বাবা-মায়ের সঙ্গে পরিচয় করিয়ে দেব। দেখবে ওরা খুব লিবারাল, আমাদের মেলামেশা বা নিজেরা ঠিক করে বিয়ে করা নিয়ে কিচ্ছু মনে করবে না।"

মরিয়া হয়ে প্রায় শেষ চেষ্টা হিসেবে দেবাশিষ বলল, "জয়া, প্লিজ, তুমি আমাকে একটু ভাবতে সময় দাও। এরকম হঠাৎ কথাটা শুনে বুঝতে পারছি না কি করা উচিৎ।"

"এতে এত ভাবার কি আছে, আমি তো বুঝতে পারছি না।"
"শোন জয়া, ব্যাপারটার পজিটিভ আউটকাম হলে তো চিন্তার কিছু নেই। কিন্তু নেগেটিভ হলে সারা জীবন ধরে কষ্ট পেতে হয়। তাই সকলে আগে নেগেটিভটা নিয়ে চিন্তা করে। দেখ, তোমাকে ক্লাসের বাইরে একেবারেই আমি চিনি না। ক্লাসের মধ্যে যেটুকু চিনি, তোমাকে আমার খুব ভালো লাগে। কিন্তু সেটাই তো সবটা নয়। তাই একটু ভাবা দরকার। পরস্পরকে একটু জানা দরকার। তাছাড়া, আমার বাবা মা আছেন। তোমাকে একটা কিছু কথা দেওয়ার আগে তাঁদের সঙ্গে আমার কথা বলা উচিৎ। তুমি তো মানবে যে নিজের ছেলের বিয়ে নিয়ে তাঁদেরও একটা মতামত থাকতে পারে।"

কথাটা শুনে জয়া অনেকক্ষণ কোন কথা বলল না। মুখটা নীচু করে টেবিলের উপর আঁকিবুকি কাটতে কাটতে অনেকটা সময় পার করে দিয়ে তারপর বলল, "ঠিক আছে, ভাববার জন্য একটু সময় নিতে চাও নাও। সোমবার আমাকে কথা দিতে পারবে?"
সায়েন্স কলেজ থেকে বেরিয়ে দেবাশিষ সোজা সোমনাথের বাড়িতে গিয়ে হাজির। সব কথা খুলে বলে শেষ করল, "তোরা বলতিস ক্ষ্যাপা, কিন্তু এ তো একেবারে উন্মাদ। এখন আমি কি করি বলত? কি করে যে পার পাই?"

"তুই তো রীতিমত ঘাবড়ে গিয়েছিস, দেখছি।"

"ঘাবড়ানোর কথা কি বলছিস! আমি তো বাড়িতে যেতেই ভয় পাচ্ছি। হয়ত দেখব মাছ দিয়ে দুধ মেখে খাচ্ছি। হয়ও বটে আমার কপালে। একটা মেয়ে হঠাৎ এসে বলে আমায় এক্ষুণি বিয়ে কর। আবার স্মার্ট মেয়ে, চোখা চোখা যুক্তি। সব পোর্টেন্সিয়াল সমস্যা ভেবে ঠিক করে রেখেছে। কোন মতে সোমবার অবধি সময় পেয়েছি। তা না হলে এতক্ষণে গঙ্গার ধারে ওকে কোলে নিয়ে খাবি খেতে হত।"

হাসতে হাসতে সোমনাথ বলল, "তাতে তোর আপত্তিটা কি? বলছিসই তো স্মার্ট মেয়ে। তার উপর তোকে বলে রাখি, ও কিন্তু বিরাট বড়লোক বাপের একমাত্র মেয়ে। ঝুলে পড়, ঝুলে পড়, তোর একটা হিল্লে হয়ে যাবে। চাকরী-বাকরীর জন্য সারা জীবন চিন্তা করতে হবে না। পায়ের উপর পা তুলে আড্ডা মারতে পারবি।"

"দেখ, এখন আমার মরণ-বাঁচন সমস্যা, এর মধ্যে উল্টোপাল্টা কথা বলিস না। এলাম একটু বুদ্ধি ধার করতে, আর তুই বাওয়াল শুরু করে দিলি।"
"তা হলে তুই সিরিয়াসলি বলছিস যে ওকে বিয়ে করবি না। কেন? ওকে বিয়ে করতে তোর আপত্তিটা কি?"
"আরে বাবা সেটাই তো হয়েছে মুস্কিল। আমি ওকে বিয়ে করতে পারব না, সেটা একরকম করে জানি। কিন্তু কেন যে পারব না, তার কারণগুলো নিজেই তো ভেবে ঠিক করতে পারছি না।"
"তাহলে?"

"দেখ, এখন পড়াশুনোর মাঝখানে এই বিয়েটিয়ের কথা আমি ভাবতে পারব না। তোর মাথায় কিছু থাকলে আমায় বুদ্ধি ধার দে। নইলে বল, আমি অনুপের কাছে যাই।"

"তো সোমবার ওকে পরিষ্কার বলে দে। মিটে গেল। এর মধ্যে এত দুশ্চিন্তার কি আছে।"

"ধুস, তাই হয় নাকি। একটা মেয়ে যে এত আর্নেস্টলি আমায় বিয়ে করতে চাইছে, তাকে মুখের উপর বলে দেব যে তোমায় বিয়ে করব না। সেটা ওকে চুড়ান্ত অপমান করা হয়। ও আমি পারব না।"

"এখনও বলছি, ভেবে দেখ।"

"বললাম তো তোকে সব। তোরা এক কলেজে পড়েছিস, তুই ওকে বেটার জানবি। তাই তোর কাছে এলাম। পারলে একটা আইডিয়া দে। তোর সঙ্গে ন্যাকড়ামো করার মুড নেই এখন আমার।"

সোমনাথ মুখটা গম্ভীর করে বলল, "তোদের মধ্যে কে বেশী ক্ষ্যাপা তাই ভাবছি। জয়া তোকে বলল, আর তুই সেই নিয়ে ক্ষেপে উঠলি! বাড়ি গিয়ে উল্টোপাল্টা কাজ করবি ভেবে বাড়ি যেতে ভয় পাচ্ছিস।"

"তার মানে? কি বলতে চাইছিস তুই?"
"তুই এই নিয়ে একদম চিন্তা করিস না। ব্যাপারটা যে হয়েছে সেটাই ভুলে যা। তোকে যে কি বলেছে, সোমবার অবধি জয়ার

মনে থাকবে না। আমাদের কলেজেরই মেয়ে তো, ওকে আমরা সবাই খুব ভাল জানি। ও এই রকম আরও দু'এক জনকে বলেছে। ওর যখন কাউকে কোন কারণে ভালো লাগে, তখন তাকেই বিয়ের করতে চায়। তারপর সেসব কথা আর ওর বেশী দিন মনে থাকে না।"

"যাঃ, ওরকম হয় নাকি! এত সমস্ত কিছু চিন্তা ভাবনা করে কথা!"

"তুই পরীক্ষা করে দেখ। একটা সপ্তাহ ক্লাস কার্ট মার। নোটের জন্য চিন্তা নেই, আমার কাছ থেকে নিয়ে নিস। তারপর যখন ক্লাসে আসবি, কটা দিন ঘটুদার ক্যান্টিনে যাস না। দেখ জয়া তোকে এই নিয়ে আর কিছু বলে কিনা।"

সোমনাথের কথা অক্ষরে অক্ষরে ফলে গিয়েছিল। প্রায় সপ্তাহ তিনেক বাদে দেবাশিষ যখন আবার একটা শনিবার ঘটুদার ক্যান্টিনে আড্ডা দিতে এল, জয়া সেখানে ছিল। কিন্তু বিয়ের প্রসঙ্গে একটাও কথা বলল না। স্বাভাবিক ভাবেই আড্ডা দিয়ে গেল। আর পাঁচজনের সঙ্গে যেমন, দেবাশিষের সঙ্গেও তেমন কথা বলল। যেন এরকম একটা ব্যাপার ঘটেই নি। তারপর তো কতদিন আড্ডা দিয়েছে ওরা একসঙ্গে, কিন্তু জয়া এ প্রসঙ্গ আর কোন দিন তোলে নি। সোমনাথ ওকে বলেছে, "বলেছিলাম, দেখলি তো, ওর মনেই নেই।"

সোমনাথের কথা হয়ত সত্যি। তবু দেবাশিষের বুকে একটা কাঁটা খচ খচ করেছে। এটাও তো হতে পারে একটা দুরন্ত অভিমানে জয়া আর কোন দিন ওর সঙ্গে এ প্রসঙ্গ তোলে নি। সেই অভিমানটা আর পাঁচ জনের সামনে প্রকাশ করে নিজেকে
ছোটো করে তোলে নি। মুখের উপর না বললেও, দেবাশিষ তো ওকে ফিরিয়েই দিয়েছে। ওকে এড়িয়ে গিয়ে অবজ্ঞা করে অপমান করেছে। সেই লোকের কাছে ফিরে এসে আবার বিয়ের প্রসঙ্গ তোলা কি একটা আত্মসম্মানসম্পন্ন মেয়ের পক্ষে সম্ভব?

কলকাতা ইউনিভার্সিটি ছাড়ার পর বহুদিন আর জয়ার সঙ্গে দেখা হয় নি দেবাশিষের। বন্ধুদের চিঠিতে জেনেছিল জয়া নাকি ঠিক করেছে পি.এইচ.ডি করবে না, আইএফ.এস দেওয়ার জন্য তৈরী হচ্ছে। তারপর আর কোন খবর পায় নি। আমেরিকায় এসে নিজেকে প্রতিষ্ঠা করার চক্করে আস্তে আস্তে কলকাতার সব বন্ধুদের সঙ্গে ওর যোগাযোগ ক্রমশঃ ক্ষীণ হতে হতে একেবারে কেটে গিয়েছে। বহুবছর পরে একেবারে অপ্রত্যাশিতভাবে জয়ার সঙ্গে দেখা ভার্জিনিয়ার কৃষ্টাল সিটিতে একটা ভারতীয় বাণিজ্যিক আলোচনা চক্রে। ইন্ডিয়ান এমব্যাসির টেকনিকাল অ্যাটাশে হিসেবে জয়া এসেছিল আলোচনা চক্রের উদ্বোধন করতে। লাঞ্চের সময় দেবাশিষ এগিয়ে গিয়ে দেখা করতে জয়া একেবারে উচ্ছসিত হয়ে ওকে প্রায় জড়িয়ে ধরল, "তুমি এখানে থাক? আমি তো জানতামই না।" তারপরে মেরীল্যান্ডে থাকে শুনে ওর ফোন নম্বর নিয়ে বলল, "আমি তোমায় ফোন করব। একদিন চলে এস। ইস্‌, কতকাল পরে তোমার সঙ্গে দেখা হল!"

দেখা গেল জয়াও মেরীল্যান্ডেই থাকে, দেবাশিষের চেয়ে খুব দূরে নয়। জয়ার আমন্ত্রণে এক রবিবার দুপুরে ওর বাড়িতে এসে আলাপ হল ওর স্বামীর সঙ্গে। তিনিও আইএফ.এস অফিসার, ইন্ডিয়ান এমব্যাসিতেই কাজ করেন। কথা প্রসঙ্গে জানালেন, প্রায় সারা জীবনটাই দুজনে আলাদা আলাদা কেটে গেল। ইনি রাশিয়াতে থাকলে উনি থাকেন টিম্বাকটুতে, আর ইনি যখন নাইরোবিতে উনি তখন রিকইয়াভিকে। অনেক ধরাকরা করে এতদিনে রিটায়ারমেন্টের কিছুদিন আগে এই প্রথম ওঁরা দু'জনে এক জায়গায় থাকার সুযোগ পেয়েছেন। তাও কপাল জোর, খোদ আমেরিকাতে। এই রকম একটা সুযোগ বলতে গেলে প্রায় কেউই পায় না। আর তাতেই নাকি এমব্যাসির অনেকের চোখ টাটাচ্ছে।

এ কথা সে কথার মধ্যে পুরানো কথার রেশ ধরে হাসতে হাসতে দেবাশিষ বলল, "আমি কিন্তু আপনার কম্পিটিটর বলতে পারেন। জয়া এক সময় আমার প্রেমে পড়ে গিয়েছিল।"

"তাই নাকি?" ভদ্রলোক হৈ হৈ করে উঠলেন।

"শুধু প্রেম নয়, জয়া আমাকে প্রপোসও করেছিল। অবশ্য তখন আমরা দুজনেই এম.এস.সি-র স্টুডেন্ট। বলতে পারেন খানিকটা ইমম্যাচিওর ছিলাম তখন আমরা দুজনেই।"

নি।" জয়া তখন বোধহয় কিচেনে কিছু একটা করছিল। তাকে ডেকে ভদ্রলোক বললেন, "তোমার এ সিক্রেটটাতো আমাকে বল


"কি আবার আমার সিক্রেট?" বলতে বলতে জয়া একটা তোয়ালেতে হাত মুছতে মুছতে ঘরে এসে ঢুকল। তারপর ব্যাপারটা শুনে একেবারে হো হো করে হেসে বলল, "এই বানিয়ে বানিয়ে কথা বলার রোগটা তোমার এখনও গেল না, দেবাশিষ। তুমি সায়েন্স কলেজেও কাউকে কাউকে বলেছ বলে আমি শুনেছি। আমি তোমাকে প্রপোস করতে যাব কোন দুঃখে? এখন কি হয়েছ জানি না, কিন্তু তখন তো তুমি একেবারেই ভ্যাদ্ ভ্যাদে মার্কা ভালো ছেলে ছিলে। তোমার মত ছেলের সঙ্গে প্রেম করাই যায় না, তার আবার বিয়ে।"

কথাটা কথাটা শুনে দেবাশিষ হতবাক। সোমনাথের কথাটা মনে পড়ল, "সোমবার অবধি জয়ার মনে থাকবে না।" কিন্তু তা কি সত্যি সত্যিই হতে পারে? তবে একটা কথা পরিষ্কার, ব্যাপারটা এখন খুব এমব্যারাসিং হয়ে যাবে ওর পক্ষে। জয়ার স্বামী এ নিয়ে কি ভাবলেন, কে জানে। একটা দরকারি কাজ মনে পড়ে যাওয়ার অজুহাতে তাড়াতাড়ি ওদের কাছে থেকে বিদায় নিয়ে চলে এল দেবাশিষ। জয়া অবশ্য অনুযোগ করল এত তাড়াতাড়ি চলে যাওয়ার জন্য, কাজের ব্যাপারটা কি আরেকদিন করা যায় না? ওর স্বামীও বললেন, ভালো স্কচ আছে ওঁর কাছে, সেটার সদ্ব্যবহার করা যেত। বাড়ির পথে গাড়ী চালিয়ে আসতে আসতে দেবাশিষের মনে হল, জয়ার কি সত্যি সত্যিই কিছু মনে নেই? নাকি বুদ্ধিমতী স্মার্ট জয়া প্রত্যাখ্যানের অপমানের কথা তার স্বামীর সামনে স্বীকার করতে চাইল না।

কিম্বা কে জানে, জীবনের শেষ পর্যায়ে পৌঁছে কতকাল আগের তামাদি হয়ে যাওয়া পুরোনো প্রসঙ্গ খুঁড়ে বার করে এনে সকলের সমস্যা বাড়ানোর সম্ভাবনা জয়া অঙ্কুরেই শেষ করে দিল।

Health

# Amino Acids: The Quiet Architects of Human Health




Suprity Dey
Kolkata, India

Amino acids rarely get the attention they deserve, yet they are quietly involved in almost everything that keeps the human body alive and functioning well. From repairing tissues to supporting immunity and even influencing mood, amino acids form the foundation of health at a cellular level. Often described as the building blocks of protein, they are far more than a textbook concept. They are active participants in daily bodily processes, working continuously whether we are awake, asleep, exercising, or resting.

There are twenty amino acids commonly found in the human body. Out of these, nine are considered essential because the body cannot produce them on its own. These must be obtained through food. The remaining amino acids are non essential, meaning the body can synthesize them when needed. This distinction is important because it highlights the role of nutrition in maintaining balance. Foods rich in protein such as lentils, dairy products, eggs, fish, poultry, soy, nuts, and seeds provide a wide range of amino acids that the body can absorb and utilize efficiently.

One of the most important roles of amino acids is tissue repair and muscle maintenance. Every time we move, exercise, or even sit for long hours, microscopic wear and tear occurs in muscles and tissues. Amino acids help repair this damage, making them crucial not only for athletes but also for older adults, growing children, and individuals recovering from illness or surgery. Without adequate amino acid intake, the body struggles to heal efficiently, leading to fatigue, weakness, and delayed recovery.

Amino acids also play a significant role in brain function and emotional well being. Certain amino acids are precursors to neurotransmitters such as serotonin, dopamine, and norepinephrine, which regulate mood, focus, sleep, and stress response. An imbalance or deficiency may contribute to symptoms like low energy, poor concentration, irritability, or disturbed sleep. While amino acids are not a replacement for medical treatment, a balanced diet that supports brain chemistry can make a noticeable difference in how one feels day to day.

Another critical function of amino acids lies in immunity and hormone production. Antibodies that defend the body against infections are made of proteins, and therefore depend on amino acids. Similarly, many hormones that regulate metabolism, growth, and reproductive health require amino acids for their synthesis. This explains why prolonged poor nutrition often results in frequent infections, hormonal disturbances, and slow metabolic function.

In recent years, amino acid supplements have gained popularity, but they should be approached with caution. For most people, a well balanced diet provides sufficient amino acids without the need for supplementation. Supplements may be useful in specific cases such as medical conditions, intense athletic training, or diagnosed deficiencies, but they should ideally be taken under professional guidance. Excess intake without necessity can burden the liver and kidneys, especially in individuals with existing health concerns.

Ultimately, amino acids remind us that health is built quietly and consistently. They do not work overnight or produce dramatic instant results, but their impact is deep and lasting. Paying attention to protein quality, eating a varied diet, and maintaining overall nutritional balance ensures that the body receives these essential compounds in the right proportion. In doing so, we support not just strength and stamina, but also mental clarity, resilience, and long term well being.